গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারকঃ ৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.২২-১৩৫০

তারিখঃ ২১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ।
০৬ অক্টোবর ২০২২ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পাশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|
| ১. | স্টাফ ফটোগ্রাফার (১৪ তম গ্রেড) বেতন স্কেল-১০২০০-২৪৬৮০/- | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে আলোকচিত্র বিদ্যায় ডিপ্লোমা এবং চিত্র গ্রাহক হিসেবে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | মানিকগঞ্জ, গাজীপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, ঝিনাইদহ, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি ও পটুয়াখালী (এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবে)। |
| ২. | ড্রাফটসম্যান (১৪ তম গ্রেড) বেতন স্কেল-১০২০০-২৪৬৮০/- | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সরকারি অনুমোদিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশিপ বিষয়ে ডিপ্লোমা থাকিতে হইবে, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৩. | থানা/উপজেলা প্রশিক্ষক (১৫ তম গ্রেড) বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০/- | ৬৩ | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫'-৪'' এবং বুকের মাপ ন্যূনতম ৩০'-৩২''; তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিয়ন দলনেতাদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৪. | উপজেলা/থানা মহিলা প্রশিক্ষিকা (১৫ তম গ্রেড) বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০/- | ২৬৯ | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট; তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিয়ন দলনেত্রীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৫. | ভেহিকেল মেকানিক (১৫ তম গ্রেড) বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০/- | ০১ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণসহ সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা থাকিতে হইবে, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৬. | সারেং/লঞ্চ ড্রাইভার (১৫ তম গ্রেড) বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০/- | ০২ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণসহ দ্বিতীয় শ্রেণীর অভ্যন্তরীণ নৌযান চালনার যোগ্যতা সংক্রান্ত সনদপত্র থাকিতে হইবে, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৭. | নার্সিং সহকারী (১৬ তম গ্রেড) বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ১৭ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ নার্সিং (ডিপ্লোমা) কোর্সের সনদপ্রাপ্ত হইতে হইবে, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৮. | কম্পাউন্ডার (১৬ তম গ্রেড) বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পাউন্ডারশীপে ডিপ্লোমা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৯. | প্লাম্বার (১৮ তম গ্রেড) বেতন স্কেল-৮৮০০-২১৩১০/- | ০১ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন হইতে হইবে, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |

**শর্তাবলীঃ**

১. আবেদনকারীগণ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট www.ansarvdp.gov.bd এ প্রবেশ করে গুরুত্বপূর্ণ লিংক এর আওতায় ৩য় ও ৪র্থ শ্রেণীর নিয়োগ লিংকে ক্লিক করে আবেদন করতে পারবেন।

**অন-লাইনে আবেদন করার নিয়ম/পদ্ধতিঃ**

২. ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) অথবা যে কোন অন-লাইন সুবিধা সম্পন্ন কম্পিউটার থেকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট (www.ansarvdp.gov.bd) এ ৩য় শ্রেণীর কর্মচারী নিয়োগ লিংকে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। উক্ত লিংকটি ১৩/১০/২০২২ খ্রিঃ তারিখ হতে ১০/১১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সক্রিয় থাকবে। অন-লাইনে রেজিস্ট্রেশনকালীন ফি ক্রমিক নং-০১ হতে ০৮ পর্যন্ত ২০০/-(দুইশত) টাকা এবং ক্রমিক নং-০৯ বাবদ ১০০/-(একশত) টাকা আবেদন পোর্টালে প্রদর্শিত মানি ট্রান্সফার পদ্ধতি (নগদ) এর মাধ্যমে জমা দিতে হবে। অন-লাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত যে কোন জটিলতায় ০৯৬৪৩২০৭০০৪ এই নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে অন-লাইন হতে আবেদনপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। যথাসময়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার তারিখ ও প্রবেশপত্র ডাউনলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হবে। আবেদনপত্রের রেফারেন্স আইডি এর সাহায্যে পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোন ক্রমেই পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

৩. লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে নিম্নবর্ণিত কাগজপত্রাদির ১ (এক) সেট সত্যায়িত অনুলিপি এবং মূল কপি মৌখিক/ব্যবহারিক/স্বাস্থ্য পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে (সকল কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল ও সাময়িক সনদপত্র।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) (১) বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতার/পিতামহ-পিতামহীর/মাতামহ-মাতামহীর মুক্তিযুদ্ধের মূল/সাময়িক সনদপত্র।

(২) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে তিনি যে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা-এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ।

(ঘ) এতিম/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে কোটার সপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র।

(ঙ) প্রার্থী বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য হলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ সনদপত্র।

(চ) প্রার্থী ক্ষুদ্র-নৃগোষ্ঠী হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড সত্যায়িত ফটোকপি।

(জ) শুধুমাত্র সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণের ক্ষেত্রে অনলাইনে আবেদনের পর আবেদনপত্র ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের হার্ডকপি ২০/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে রেকর্ড শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর বরাবরে প্রেরণ করতে হবে। বর্তমান চাকুরীর বিস্তারিত তথ্য প্রদান করবেন এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষার সময় পূর্বের চাকুরীদাতা কর্তৃপক্ষের প্রদত্ত সম্মতিপত্র দাখিল করবেন।

৪. প্রার্থীর বয়স ০১/১০/২০২২খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রনালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে ঐ সকল প্রার্থীগণ আবেদন করতে পারবেন। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ব্যাপারে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না এবং এক্ষেত্রে বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।

৫. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬. আবেদনের জন্য ২০০/-(দুইশত) ও ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে। পরিশোধের নিয়মাবলী আবেদন ফরম পূরণের ওয়েবসাইটে দেয়া থাকবে।

৭. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবেন না।

৮. বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০. নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে কিংবা অসম্পূর্ণ তথ্য দাখিল করলে তার আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১. অনলাইনে সঠিক জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করতে হবে। জাতীয় পরিচয় পত্রের নম্বর যাচাই কালে ভুল প্রমাণিত হলে প্রার্থিতা বাতিল হয়ে যাবে।

১২. আবেদন করার শেষ সময় ১০/১১/২০২২ খ্রিঃ তারিখ।

**[ বিঃ দ্রঃ আনসার-ভিডিপি কোটা প্রাপ্তির ক্ষেত্রে শুধু সাধারণ আনসার, ব্যাটালিয়ন আনসার এবং ভিডিপি/টিডিপি মৌলিক প্রশিক্ষণ গ্রহণকারী সদস্য/সদস্যাগনই যোগ্য বলে বিবেচিত হবেন।]**

স্বাক্ষরিত/-
০৬/১০/২০২২
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি